

# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ০২-২২৩৩৮৬৩৩৬, ০২-২২৩৩৮৯৪৮৫, IEB Web : <http://www.iebbd.org>

## AMIE কোর্সে ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

- এএমআইই কোর্সে ২ টি সেকশন রয়েছে। সেকশন 'এ' (প্রিলিমিনারী কোর্স) এবং সেকশন 'বি' (একাডেমিক কোর্স)। বর্তমানে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই), কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) ডিসিপ্লিন এ ভর্তি চালু আছে (ফেব্রুয়ারী-২০২৪ টার্ম থেকে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) এ ভর্তি চালু হয়েছে)।
- বছরে ২ বার আইইবির সকল কেন্দ্রে ভর্তি করা হয়। ভর্তির সময় : ফেব্রুয়ারি এবং আগস্ট মাস।
- ভর্তি ফরম এবং ভর্তির টাকা জমা দেয়ার জন্য পে-স্লিপ (Pay Slip) আইইবির Website থেকে Download করে সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তি ফরম Both Page এ Print নিতে হবে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ৪ বছর মেয়াদী Engineering এ ডিপ্লোমা পাশকৃতরা ভর্তি হতে পারবে। সেই ক্ষেত্রে CGPA-3.00 (in the scale of 4.00) থাকতে হবে।

অথবা

- বিজ্ঞান বিভাগে H.S.C পাশকৃতরা এই কোর্সে ভর্তি হতে পারবে। এ ক্ষেত্রে Physics, Chemistry, Mathematics ও English –এ GP-3.00 সহ GPA- 4.00 (in the scale of 5.00) থাকতে হবে এবং H.S.C পাশ এর পর ২ বছরের কারিগরি অভিজ্ঞতার সার্টিফিকেট থাকতে হবে।
- ভর্তি ফি, বার্ষিক চাঁদা ও বার্ষিক ছাত্র কল্যাণ তহবিল ফি মার্কেন্টাইল ব্যাংক এর আইইবি শাখা বা মার্কেন্টাইল ব্যাংক এর যে কোন শাখায় আইইবির Pay Slip এর মাধ্যমে টাকা জমা দিয়ে আইইবির যে কোন কেন্দ্রে ভর্তি হওয়া যাবে।

ভর্তি ফি - ৭,৫০০/-

বার্ষিক চাঁদা - ১,০০০/-

বার্ষিক ছাত্র কল্যাণ তহবিল - ৫০/-

সর্বমোট :- ৮,৫৫০/- (আট হাজার পাঁচশত পঞ্চাশ টাকা মাত্র)

- ভর্তির সময় ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, S.S.C সার্টিফিকেট এর কপি, ডিপ্লোমা বা H.S.C পাশের Certificate, Grade Sheet / Transcript – ইত্যাদি আইইবির Member/ Fellow সদস্যের দ্বারা সত্যায়িত কপি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে। ভর্তি ফরম জমা দেয়ার সময় Original Documents প্রদর্শন করতে হবে।
- ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে ভর্তি ফরমে যার যার শিক্ষা প্রতিষ্ঠান থেকে/ চাকুরীর স্থল থেকে/ ব্যক্তিগতভাবে পরিচিত এমন ২ জন আইইবির Member/ Fellow সদস্যের রিকমেন্ডেশন নিতে হবে।
- ভর্তির ১ বছর পর পরীক্ষায় অংশগ্রহণ করা যায়।
- বছরে ২ বার পরীক্ষা অনুষ্ঠিত হয়। এপ্রিল ও অক্টোবর টার্ম। ঢাকা (BUET), চট্টগ্রাম (CUET), খুলনা (KUET) ও রাজশাহী (RUET) - তে অভিন্ন প্রশ্নে একই সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়।
- আগস্ট ২০১৫ টার্মের ভর্তি থেকে সেকশন 'এ' তে ১১ টি বিষয় এবং সেকশন 'বি' তে ১১ টি বিষয় এই মোট ২২ টি বিষয়ের উপর পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- নতুন কোর্সে সেকশন 'এ' পাশ করার পূর্বে ৪০ (চল্লিশ) ঘন্টার Computer Training কোর্স সম্পন্ন করতে হবে তা না হলে সেকশন 'বি' পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং সেকশন 'বি' তে তাত্ত্বিক (Theoretical) কোর্স সম্পন্ন করার পর ৩ (তিন) মাসের Industrial Attachment Training সম্পন্ন করতে হবে তা না হলে সার্টিফিকেট প্রদান করা হবেনা।
- ফেব্রুয়ারি ২০১৫ টার্মে বা তার পূর্বে যারা ভর্তি হয়েছে তারা সেকশন 'এ' তে- ৮ টি এবং সেকশন 'বি' তে ৮ টি বিষয় মোট ১৬ টি বিষয়ের উপর পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- নিয়মিত কোন ক্লাস হয়না। তবে বিভিন্ন কেন্দ্রে বিকালে কোচিং এর ব্যবস্থা আছে।
- অফিস সময়সূচী : শনিবার থেকে বৃহস্পতিবার দুপুর ২.০০- রাত ৯.০০ টা (শুক্রবার ও সরকারি ছুটির দিন বন্ধ থাকে)।
- IEB Council প্রয়োজন মনে করলে যে কোন উপরোক্ত নিয়মাবলী পরিবর্তন করতে পারবে।
- IEB এর Website : [www.iebbd.org](http://www.iebbd.org)